

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৯/০৮/২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ : ২৯-০৮-২০২১ খ্রিঃ।
সময় : ১০.৩০ ঘটিকা।
স্থান : মবক'র সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) চেয়ারম্যান ও সদস্য মহোদয়গণের সহযোগিতায় বন্দরের কাজ এগিয়ে নেয়ার আশা ব্যক্ত করে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ৩০/০৬/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|--------|---|--|--|--|
| ১. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারির বিষয়ে মবক'র পত্র নং ৭৬৬ তাং-০৮/০৬/২১ খ্রিঃ এর মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন সিদ্ধান্ত পাওয়া যায় নি। খ) ২০১৮-১৯ ও ২০১৯-২০ সনের উত্থাপিত ৭০টি আপত্তির মধ্যে ৩৪টি আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ৩০/০৬/২১ খ্রি: তারিখে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠানের পর পত্র নং -১১৩৪ তাং-০৮/০৮/২১ খ্রিঃ এর মাধ্যমে ১৭টি আপত্তির জবাব প্রেরণ করা হয়েছে এবং অবশিষ্ট ১৯টি আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত প্রক্রিয়াধীন। গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত আছে। ঘ) ২০১৮-১৯ ও ২০১৯-২০ সনের সার্বিক কার্যক্রমের উপর পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা কর্তৃক উত্থাপিত ৭০টি আপত্তির মধ্যে জনাব এস,এম মাইদুল ইসলাম সম্পর্কে নিরীক্ষা আপত্তিতে উল্লেখ করা হয়েছে যে, “উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদ না থাকা সত্ত্বেও পদোন্নতি প্রদানজনিত অনিয়ম” সংক্রান্ত আপত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা হয়। আলোচনায় অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তার বর্তমান বেতন স্কেলের বেতন ভাতাদি স্থগিত রাখা হবে। পরবর্তীতে অডিট আপত্তি নিষ্পত্তি হলে নিয়ম অনুযায়ী তার পাওনাদি পরিশোধ করা হবে। | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারির বিষয়টি ঘরাষিত করতে হবে। খ) ২০১৮-২০১৯ ও ২০২১-২০২০ সনের উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। গ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ঘ) উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদের বর্তমান বেতন স্কেলের বেতন ভাতাদি স্থগিত রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা প্রধান অর্থ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ২. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০ | ক) ১২/০৭/২০২১, ০৪/০৮/২০২১ এবং ২৫/০৮/২০২১ তারিখে মোট ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ২২/০৯/২০২১ তারিখে ৪র্থ সভা অনুষ্ঠিত হবে। ট্রাক টার্মিনাল পরিচালনা নীতিমালা প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | ক) মোংলা পৌরসভার সাথে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে নীতিমালা চূড়ান্ত করতে হবে। খ) মোংলা পৌরসভার সাথে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

১